

# এমপিওভুক্তি নিয়ে দুঃসংবাদ!

অনলাইন ডেস্ক

প্রকাশিত: ০৮:৪০, ৯ ফেব্রুয়ারি ২০২৬



ছবি: সংগৃহীত

সফটওয়্যার সংক্রান্ত জটিলতার কারণে কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগের অধীন বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানের এমপিওভুক্তির অনলাইন আবেদন প্রক্রিয়া অনির্দিষ্টকালের জন্য স্থগিত করা হয়েছে। শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ থেকে জারি করা এক নোটিশে এ সিদ্ধান্তের কথা জানানো হয়।

স্থগিতের কারণ মন্ত্রণালয় জানিয়েছে, নতুন নীতিমালা অনুযায়ী এমপিওভুক্তির আবেদন গ্রহণের জন্য নির্ধারিত সফটওয়্যারটি নির্ভুলভাবে প্রস্তুত করার কাজ এখনও শেষ হয়নি। কারিগরি ত্রুটি এড়াতেই নির্ধারিত সময়ে আবেদন গ্রহণ শুরু করা সম্ভব হচ্ছে না বলে বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়।

পূর্বনির্ধারিত সময়সীমা বেসরকারি কারিগরি ও মাদরাসা শিক্ষাপ্রতিষ্ঠানের জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০২৬ এর আলোকে ২০২৫-২৬ অর্থবছরে নতুন প্রতিষ্ঠান এমপিওভুক্তির জন্য গত ২ ফেব্রুয়ারি একটি গণবিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছিল। সেই বিজ্ঞপ্তি অনুযায়ী, গত রবিবার থেকে শুরু হয়ে ১৭ ফেব্রুয়ারি পর্যন্ত অনলাইনে আবেদন গ্রহণের সময় নির্ধারিত ছিল।

সফটওয়্যারটি পুরোপুরি প্রস্তুত হওয়া সাপেক্ষে শীঘ্রই পুনরায় বিজ্ঞপ্তির মাধ্যমে আবেদনের নতুন তারিখ ও সময়সীমা জানানো হবে।

কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগের উপসচিব মো. আব্দুল হান্নান স্বাক্ষরিত  
এই নোটিশটি জেলা প্রশাসক, জেলা শিক্ষা কর্মকর্তা এবং সংশ্লিষ্ট সকল  
বোর্ড ও দপ্তরে পাঠানো হয়েছে।

---